

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৫ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ৩৪৮-আইন/২০১৯।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরিউক্ত বিধিমালা এর তপশিল-১ এর ক্র: নং (২) এর বিপরীতে পদের নাম কলামে উল্লিখিত দফা (খ) ও পদের নামের পরিবর্তে নিম্নরূপ দফা (খ) ও পদের নাম এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কলামে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

(খ) কৃষি বিপণন অধিদপ্তর সহকারী পরিচালক/কৃষি বিপণন কর্মকর্তা	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি অর্থনীতি/কৃষি বিপণন/কৃষি ব্যবসা/কৃষি ব্যবসা প্রশাসন/কৃষি বিপণন সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি।
---	---

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফয়েজ আহম্মদ
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(২৪৬১৯)

মূল্য : টাকা ৪.০০